

## 💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বারো চাঁদের সালাত ও ফ্যীলত রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. জমাদিউস সানী মাস

জমাদিউস সানী বা জমাদিউল আখির (জুমাদা আল-আখেরা) মাসের কোনোরূপ বৈশিষ্ট্য, ফযীলত বা এই মাসের কোনো বিশেষ সালাত, সিয়াম, দোয়া, যিক্র বা বিশেষ কোনো আমল হাদীস শরীফে বর্ণিত হয় নি। এ বিষয়ে যা কিছু বলা হয় সবই বানোয়াট ও ভিত্তিহীন। যেমন, "জমাদিউস সানী মাসের পহেলা তারিখে হযরত আবু বকর সিদ্দীক (রা) এবং অন্যান্য সাহাবীগণ দুই রাকয়াতের নিয়তে মোট ১২ রাকয়াত নামায আদায় করিতেন। ইহার প্রত্যেক রাকয়াত সূরা ফাতিহার পরে ১১ বার করিয়া সুরা ইখলাছ পড়িতেন। আবার কেহ কেহ সূরা ইখলাছের পরে ৩ বার আয়াতুল কুরসী পাঠ করিতেন। এই নামাযে অসংখ্য নেকী লাভ হয়।…"

এ সবই ভিত্তিহীন ও বানোয়াট কথা।

## ফুটনোট

[1] মুফতী ছামদানী, বার চান্দের ফযীলত, পৃ.১৮-১৯; অধ্যাপিকা দুলাল, নেক কানুন পৃ. ৩০৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4951

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন